



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের দপ্তর
মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।



www.fisheries.barisaldiv.gov.bd

স্মারক নং: ৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১-৮৪

তারিখ: ০৮/০৪/২০২৪খ্রি.

বিষয়: নৈতিকতা কমিটির ৪র্থ সভা আয়োজন প্রসঙ্গে।

উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২৩-২০২৪ এর নিয়মিত কার্যক্রমের অংশ হিসেবে নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভা ০৯/০৪/২০২৪খ্রি. তারিখ সকাল ০৯.০০ ঘটিকায়, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর সভাপতিত্বে, সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এ অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(নৃপেন্দ্র নাথ বিশ্বাস)

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।

ফোনঃ ০২৪৭৮৮৬১৩২৬

ই-মেইলঃ ddbarisal@fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.৩০৬.৬৯.০০১.১৪-৮৪/৭(১)

তারিখ: ০৮ এপ্রিল, ২০২৪ খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ

১. মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রমনা, ঢাকা।
 ২. সিনিয়র সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
 ৩. সহকারী পরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
 ৪. সীটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
 ৫. সীট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
 ৬. অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
- ০৭। সংশ্লিষ্ট নথি।

সহকারী পরিচালক

মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ
বরিশাল।


উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক
(এপ্রিল-জুন, ২০২৩-২৪) সভায় উপস্থিত সদস্যদের তালিকা:

সময়ঃ সকাল ০৯.০০ ঘটিকা।

সভার তারিখঃ ০৯ এপ্রিল, ২০২৪ খ্রিঃ

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভাপতিঃ জনাব নৃপেন্দ্র নাথ বিশ্বাস, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

ক্র: নং	নাম	পদবী	স্বাক্ষর
১.	জনাব মুহাম্মদ নাসির উদ্দীন	সহকারী পরিচালক	
২.	জনাব মো: হাবিবুর রহমান	স্টেনোগ্রাফার কাম কম্পিউটার অপারেটর	
৩.	জনাব সুপর্ণা গাইন	সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	
৪.	জনাব মো: জাহিরুল ইসলাম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	

**উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল-এর নৈতিকতা কমিটির ৪র্থ ত্রৈমাসিক
(এপ্রিল-জুন, ২০২৩-২৪) সভা এর কার্যবিবরণীঃ**

সভার তারিখঃ ০৯ এপ্রিল, ২০২৪ খ্রিঃ

সভার স্থানঃ সম্মেলন কক্ষ, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভার সময়ঃ সকাল ০৯.০০ ঘটিকা।

সভাপতিঃ জনাব নূপেন্দ্র নাথ বিশ্বাস, উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর “পরিশিষ্ট-ক” তে সংরক্ষিত।

সভার শুরুতেই বিভাগীয় নৈতিকতা কমিটির সভাপতি ও বিভাগীয় উপপরিচালক মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। সভাপতি সকলকে তাদের স্ব স্ব অধিক্ষেত্রে নৈতিকতার সর্বোচ্চ মানদণ্ড বজায় রেখে বিদ্যমান বিধিবিধান মেনে দায়িত্ব পালনের আহবান জানান। সভায় উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর আওতাধীন জেলা এবং উপজেলা মৎস্য দপ্তরগুলোর বিষয়ে আলোচনা করা হয়। নিয়মিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কী কী বিষয়গুলোতে সতর্ক থাকতে হবে এবং বিভাগীয় কার্যালয় থেকে কিভাবে এগুলো স্বচ্ছ ও সুন্দরভাবে বাস্তবায়নের জন্য সহযোগিতা করা যায় সে বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সভায় উপপরিচালক মহোদয়, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল এর সকল কর্মকর্তা ও কর্মচারীদের পোশাক পরিধান সম্পর্কে বলেন অফিসে ফরমাল পোশাক পরিধান করে আসতে হবে। মেয়েদের ক্ষেত্রে শাড়ি অথবা স্লিপিচ পরিধান করতে হবে। এছাড়াও অফিস অঙ্গন পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে বিশেষ গুরুত্ব দেওয়ার বিষয়ে আলোচনা করা হয়। এছাড়াও যার যার অবস্থান থেকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে নিষ্ঠার সাথে পালন করার বিষয়ে আলোচনা করেন।

সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

সিদ্ধান্তঃ

১। কর্মকর্তা ও কর্মচারীদের অফিসে ফরমাল পোশাক পরিধান করে অফিস করতে হবে।

২। অফিস অঙ্গন পরিষ্কার পরিচ্ছন্ন রাখার বিষয়ে বিশেষ গুরুত্ব দিতে হবে।

বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতিঃ

বিগত সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক খাবার পরিবেশনের সময় মাস্ক, গ্লোবস, এগুলো পরিধান করা হয়। খাবার খাওয়ার সময় মুখ বন্ধ করে খাবার খাওয়া, উর্ধ্বতন কর্মকর্তার খাবার খাওয়া শুরুর অনুমতি না দেওয়া পর্যন্ত খাবার না খাওয়া এবং উর্ধ্বতন এর খাওয়া শেষ না হওয়া পর্যন্ত খাবার টেবিল ছেড়ে না ওঠা ইত্যাদি বিষয়সমূহ অনুসরণ করা হয়। এছাড়াও কর্মকর্তা ও কর্মচারীগণ সকল বিষয়ে শুদ্ধাচার মেনে চলে। সুতরাং বিগত নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত শতভাগ বাস্তবায়িত হওয়ায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

সর্বোপরি কর্মচারীদের স্ব স্ব অধিক্ষেত্রে সকলে যেন সর্বোচ্চ নৈতিকতা ও শুদ্ধাচারের যথাযথ বাস্তবায়ন করতে পারে সে বিষয়ে বিভাগীয় ও জেলা পর্যায়ের কর্মকর্তাদের সর্বোচ্চ সহযোগিতার বিষয়টি জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(নূপেন্দ্র নাথ বিশ্বাস)

উপপরিচালক

মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ,
বরিশাল।

পত্র নং- ৩৩.০২.০০০০.৩০৬.৯৯.০০১.২১.৮৭/৬০(১)

তারিখঃ ০৯ এপ্রিল, ২০২৪ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা।

২। জেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল জেলা)।

৩। সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা (বরিশাল বিভাগের সকল উপজেলা)।

৪। খামার ব্যবস্থাপক (বরিশাল বিভাগের সকল মৎস্যবীজ উৎপাদন খামার)।

৫। সংশ্লিষ্ট নথি।